(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
স্থানীয় সরকার শাখা
কুমিল্লা
www.comilla.gov.bd

স্মারক নং-০৫.২০.১৯০০.০০৯.০২.০১১.২৪- ০৮

তারিখ : ১৮ পৌষ ১৪৩১ / ০২ জানুয়ারি ২০২৫

উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি

২০২৪-২০২৫ অর্থবছরের কুমিল্লা জেলার ১৫৬০ জন গ্রামপুলিশের পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহের জন্য সরবরাহকারী/প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র নম্বর	দরপত্রের বিবরণ	দরপত্র দলিলের মূল্য	দরপত্র জামানতের পরিমাণ	দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচি	দরপত্র বিক্রয় ও দাখিলের স্থানসমূহ	দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী	
						গ্রহণ	খোলা
০১/ ২০২৪-২০২৫	১৫৬০ জন গ্রাম পুলিশের পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ	২,০০০/- (দুই হাজার) টাকা মাত্র	৪,২৯,০০০/- (চার লক্ষ উনত্রিশ হাজার) টাকা মাত্র	২২.০১.২০২৫ তারিখ হতে ১১.০২.২০২৫ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময় পর্যন্ত	ক) বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম খ) জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, কুমিল্লা গ) পুলিশ সুপারের কার্যালয়, কুমিল্লা ঘ) জেলা পরিষদ, কুমিল্লা	১২.০২.২০২৫ তারিখ সকাল ০৯:০০ টা থেকে দুপুর ০১:০০ টা পর্যন্ত	১২.০২.২০২৫ তারিখ বিকাল ০৪:০০ টা (সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা)

উল্লেখ্য, দরপত্র সম্পর্কিত বিস্তারিত তথ্যাদি এবং দরপত্র দাখিলের শর্তাবলী জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা এবং www.comilla.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

১৬.০১.২০২৫

এস.এম. গোলাম কিবরিয়া
উপপরিচালক
স্থানীয় সরকার, কুমিল্লা
ফোন : ০২৩৩৪৪০০৩১৩

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১) সম্পাদক, মানবজমিন, ঢাকা/New Age, Dhaka/কুমিল্লার কাগজ, কুমিল্লা। বিজ্ঞপ্তিটি ২১.০১.২০২৫ তারিখের (০৭ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ) ভিতরের পাতায় (৬"X ৪") ০১ (এক) দিনের জন্য তাঁর বহুল প্রচারিত পত্রিকায় প্রকাশপূর্বক ০৫ (পাঁচ) কপি জেলা প্রশাসক, কুমিল্লা বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
স্থানীয় সরকার শাখা
কুমিল্লা
www.comilla.gov.bd

স্মারক নম্বর: ০৫.২০.১৯০০.০০৯.০২.০১১.২৪-০৯

তারিখ : ১৮ পৌষ ১৪৩১ / ০২ জানুয়ারি ২০২৫

উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি

১	মন্ত্রণালয়/বিভাগ	স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২	দরপত্র আহবানকারী প্রতিষ্ঠান	জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা
৩	ক্রয়/সংগ্রহকারীর নাম	জেলা প্রশাসক, কুমিল্লা
৪	দরপত্রের বিবরণ	২০২৪-২০২৫ অর্থবছরে কুমিল্লা জেলার ১৫৬০ জন গ্রাম পুলিশের (দফাদার ও মহল্লাদার) পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ
৫	দরপত্র আহবানের সূত্র	স্থানীয় সরকার বিভাগ এর স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০১৮.০২.০০১.১৭ (অংশ-২)-১৫২৭,তারিখ: ১৬.১০.২০২৪
৬	ক্রয় পদ্ধতি	উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM)
৭	অর্থের উৎস	GOB
৮	দরপত্র নম্বর	০১/২০২৪-২০২৫
৯	দরপত্রে প্যাকেজ সংখ্যা	০১ (এক) টি
১০	প্যাকেজ নং	PG-01
১১	দরপত্র স্মারক নম্বর ও তারিখ	০৫.২০.১৯০০.০০৯.০২.০১১.২৪- ০৯, তারিখ: ০২.০১.২০২৫
১২	দরপত্র বিক্রয় শুরুর তারিখ ও সময়	২২.০১.২০২৫ তারিখ অফিস চলাকালীন সময়
১৩	দরপত্র বিক্রয়ের স্থান	(ক) বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম; (খ) জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, কুমিল্লা; (গ) পুলিশ সুপারের কার্যালয়, কুমিল্লা এবং (ঘ) জেলা পরিষদ, কুমিল্লা
১৪	দরপত্র বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময়	১১.০২.২০২৫ তারিখ অফিস চলাকালীন সময়
১৫	দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময়	১২.০২.২০২৫ তারিখ সকাল ০৯:০০ টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত
১৬	দরপত্র দাখিল ও গ্রহণের স্থান	(ক) বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম; (খ) জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, কুমিল্লা; (গ) পুলিশ সুপারের কার্যালয়, কুমিল্লা এবং (ঘ) জেলা পরিষদ, কুমিল্লা
১৭	দরপত্র খোলার তারিখ ও সময়	১২.০২.২০২৫ তারিখ বিকাল ৪.০০ টা
১৮	দরপত্র খোলার স্থান	সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা
১৯	দরপত্র সিডিউলের বিক্রয় মূল্য	২,০০০/- (দুই হাজার) টাকা মাত্র
২০	দরপত্র বৈধতার সময়কাল	৯০ (নব্বই) দিন
২১	কাজের মেয়াদ	চুক্তি সম্পাদনের তারিখ হতে ৪৫ (পঁয়তাল্লিশ) দিন। ৪৫ (পঁয়তাল্লিশ) দিন অতিবাহিত হওয়ার আগের দিন বিকাল ৫.০০ টার মধ্যে কর্তৃপক্ষকে মালামাল বুঝিয়ে দিতে হবে।
২২	কাজের সংক্ষিপ্ত বর্ণনা	

ক্রমিক নম্বর	মালামালের নাম	ক্রয়তব্য পোশাক ও অন্যান্য সরঞ্জামাদির বিবরণ	গ্রামপুলিশের (দফাদার-মহল্লাদার) সংখ্যা	পোশাক/সরঞ্জামাদির সংখ্যা/পরিমাণ
ক)	শার্ট	নীল রঙের উন্নতমানের শার্ট (১ টি ফুল ও ১ টি হাফ হাতা)	১১৫৯	২৩১৮ টি
খ)	ফুল প্যান্ট	খাকী রঙের উন্নতমানের ফুল প্যান্ট ২ টি	১১৫৯	২৩১৮ টি
গ)	শাড়ী	২ টি করে উন্নতমানের শাড়ী (মহিলা পুলিশের অনুরূপ)	৪০১	৮০২ টি
ঘ)	ব্লাউজ	২ টি করে উন্নতমানের ব্লাউজ (মহিলা পুলিশের অনুরূপ)	৪০১	৮০২ টি
ঙ)	পেটিকোট	২ টি করে উন্নতমানের পেটিকোট (মহিলা পুলিশের অনুরূপ)	৪০১	৮০২ টি
চ)	কাপড়ের জুতা (মোজাসহ) (পুরুষ ও মহিলা)	১ জোড়া উন্নতমানের কাপড়ের জুতা (মোজাসহ) (জুতায় 'বাংলাদেশ গ্রামপুলিশ' লেখা থাকতে হবে)	১৫৬০	১৫৬০ জোড়া
ছ)	বেল্ট (পুরুষ)	উন্নতমানের বেল্ট	১১৫৯	১১৫৯ টি
জ)	সোল্ডার ব্যাচ (পুরুষ)	২টি করে (১০২৫ জন মহল্লাদারের জন্য লাল রঙের এবং ১৩৪ জন দফাদারের জন্য সোল্ডার ব্যাচে কালো কাপড়ের রিবন)	১১৫৯	২৩১৮ টি
ঝ)	ফুলহাতা সুয়েটার (পুরুষ)	১টি করে উন্নতমানের ফুলহাতা সোয়েটার	১১৫৯	১১৫৯ টি

	ঞ)	কার্ডিগান (মহিলা)	১ টি করে উন্নতমানের কার্ডিগান	৪০১	৪০১ টি
	ট)	ক্যাপ (পুরুষ ও মহিলা)	১ টি করে উন্নতমানের ক্যাপ (গ্রামপুলিশের মনোগ্রামসহ)	১৫৬০	১৫৬০ টি
	ঠ)	চামড়ার জুতা (মোজাসহ) (পুরুষ ও মহিলা)	১ জোড়া করে উন্নতমানের চামড়ার জুতা (মোজাসহ) (জুতায় 'বাংলাদেশ গ্রামপুলিশ' লেখা থাকতে হবে)	১৫৬০	১৫৬০ জোড়া
	ড)	নাম ফলক	১ টি করে উন্নতমানের নাম ফলক	১৫৬০	১৫৬০ টি

২৩	দরপত্র দাতার যোগ্যতা	(ক) দরদাতার ভ্যাট রেজিস্ট্রেশন সংক্রান্ত হালনাগাদ সনদ, বিগত ০৩ (তিন) বছরের আয়কর পরিশোধের সনদপত্র, হালনাগাদ ট্রেড লাইসেন্স, আর্থিক স্বচ্ছলতার ব্যাংক সনদ ও জাতীয় পরিচয়পত্র থাকতে হবে। (খ) জেলা প্রশাসকের কার্যালয়ে গ্রামপুলিশ অথবা যেকোন সরকারি বা বেসরকারি নিরাপত্তা বাহিনীর পোষাক ও সরঞ্জামাদি সরবরাহ করেছেন মর্মে ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। (গ) দরদাতা সর্বশেষ ৫ (পাঁচ) বছরে ন্যূনতম ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকার বা তদুর্ধ্ব টাকার গ্রাম পুলিশের পোষাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহকারী হিসেবে কিংবা সমজাতীয় মালামাল সরবরাহকারী হিসেবে নূন্যতম ১ (এক) টি টেন্ডারের কাজ সফলতার সাথে সম্পন্ন করার অভিজ্ঞতা থাকতে হবে। (ঘ) দরপত্র প্রকাশের দিন হতে দাখিলের দিনের মধ্যে যেকোন একদিনের কমপক্ষে ১,১৫,০০,০০০/-(এক কোটি পনেরো লক্ষ) টাকার ব্যাংক স্থিতি (লিকুইড এ্যাসেট) এর ব্যাংক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র থাকতে হবে। (ঙ) PPA ও PPR অনুসারে অন্যান্য যোগ্যতা থাকতে হবে।
২৪	দরপত্র জামানত ও কাজের জামানত	ক) যে কোন তফসিলি ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে ৪,২৯,০০০/- (চার লক্ষ উনত্রিশ হাজার) টাকার দরপত্র জামানত জেলা প্রশাসক, কুমিল্লা এর অনুকূলে জমা প্রদান করতে হবে (ফেরতযোগ্য)। খ) NOA প্রাপ্ত দরদাতাকে উদ্ধৃত দরের ১০% কাজের জামানত (পারফরমেন্স সিকিউরিটি) যে কোন তফসিলি ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জেলা প্রশাসক, কুমিল্লা এর অনুকূলে জমা প্রদান করতে হবে। (পারফরমেন্স সিকিউরিটি নির্ধারিত সময়ান্তে ফেরতযোগ্য)
২৫	দরপত্রের সাথে যে সকল কাগজপত্রাদি ও নমুনা সংযুক্ত করতে হবে	ক) দরপত্রের সাথে দরদাতার সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি। খ) জেলা প্রশাসকের কার্যালয়ে গ্রামপুলিশ অথবা যেকোন সরকারি বা বেসরকারি নিরাপত্তা বাহিনীর পোষাক ও সরঞ্জামাদি সরবরাহ করেছেন মর্মে ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতার সনদপত্র। গ) দরদাতা সর্বশেষ ০৫ (পাঁচ) বছরে ন্যূনতম ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকার বা তদুর্ধ্ব টাকার গ্রাম পুলিশের পোষাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহকারী হিসেবে কিংবা সমজাতীয় মালামাল সরবরাহকারী হিসেবে নূন্যতম ০১ (এক) টি টেন্ডারের কাজ সফলতার সাথে সম্পন্ন করার অভিজ্ঞতার সনদপত্র। ঘ) দরপত্র প্রকাশের দিন হতে দাখিলের দিনের মধ্যে যেকোন একদিনের কমপক্ষে ১,১৫,০০,০০০/-(এক কোটি পনেরো লক্ষ) টাকার ব্যাংক স্থিতি (লিকুইড এ্যাসেট) এর ব্যাংক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র। ঙ) সরবরাহযোগ্য মালামালের নমুনা প্রতিটি ০১ (এক) সেট করে দাখিল করতে হবে। চ) দরদাতার প্রতিষ্ঠানের মালিকানা সংক্রান্ত হলফনামা, বিগত ৩ (তিন) বছরের আয়কর পরিশোধের প্রত্যয়ন পত্রের সত্যায়িত কপি, ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধন সনদ ইত্যাদি। ছ) PPA ও PPR এ বর্ণিত তথ্যাদি সম্বলিত প্রয়োজনীয় কাগজপত্রাদি।
২৬	দরপত্র আহবানকারীর নাম	মো: আমিরুল কায়ছার
২৭	দরপত্র আহবানকারীর পদবী	জেলা প্রশাসক
২৮	দরপত্র আহবানকারীর ঠিকানা	জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা
২৯	শর্তাবলী	দরপত্র সম্পর্কিত বিস্তারিত তথ্যাদি এবং দরপত্র দাখিলের শর্তাবলী জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা এবং www.comilla.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

১৫/০১/২০২৪

মো: আমিরুল কায়ছার
জেলা প্রশাসক, কুমিল্লা
ও
আহবায়ক
গ্রামপুলিশদের (দফাদার ও মহল্লাদার) পোষাক
ও অন্যান্য সরঞ্জামাদি সম্পর্কিত জেলা পর্যায়ের
টেন্ডার কমিটি

স্মারক নম্বর-০৫.২০.১৯০০.০৯.০২.০১১.২৪- **০৯** তারিখ : ১৮ পৌষ ১৪৩১ / ০২ জানুয়ারি ২০২৫

অনুলিপি: (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম
০৩. পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম
০৪. জেলা প্রশাসক,........(সকল)
০৫. পুলিশ সুপার, কুমিল্লা
০৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন, কুমিল্লা
০৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুমিল্লা
০৮. উপজেলা নির্বাহী অফিসার..........(সকল), কুমিল্লা
০৯. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা (দরপত্র বিজ্ঞপ্তিটি এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

০২.০১.২০২৫

এস.এম. গোলাম কিবরিয়া
উপপরিচালক, স্থানীয় সরকার
কুমিল্লা
ও
সদস্য-সচিব
গ্রামপুলিশদের (দফাদার ও মহল্লাদার) পোষাক
ও অন্যান্য সরঞ্জামাদি সম্পর্কিত জেলা পর্যায়ের
টেন্ডার কমিটি

দরপত্র দাখিলের শর্তাবলী

০১. দরপত্র অবশ্যই সীলমোহরযুক্ত খামে দাখিল করতে হবে এবং খামের উপর 'দফাদার ও মহল্লাদারদের জন্য পোশাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহের দরপত্র' উল্লেখ করতে হবে;

০২. দরপত্রের সাথে জেলা প্রশাসক, কুমিল্লার অনুকূলে দরদাতাকে দরপত্র জামানত (ফেরৎযোগ্য) ৪,২৯,০০০/- (চার লক্ষ উনত্রিশ হাজার) টাকার যেকোন তফসিলি ব্যাংকের ইস্যুকৃত ব্যাংক/পে-অর্ডার দাখিল করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডারবিহীন দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে;

০৩. সরকার কর্তৃক প্রদত্ত নমুনা মোতাবেক (জেলা প্রশাসকের কার্যালয়, স্থানীয় সরকার শাখা, কুমিল্লায় রক্ষিত) কুমিল্লা জেলার গ্রাম পুলিশদের (দফাদার ও মহল্লাদার) পোশাক ও জুতার মাপ যথাযথভাবে নিশ্চিত করতে হবে এবং তাদের শরীরের মাপ অনুযায়ী জামা ও প্যান্ট (সুতি কাপড়), জুতা এবং অন্যান্য সামগ্রী সরবরাহ নিশ্চিত করতে হবে;

০৪. গ্রাম পুলিশদের (দফাদার ও মহল্লাদার) জামা ও প্যান্ট এর মাপ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে গ্রহণ করতে হবে এবং একই স্থান থেকে অন্যান্য সরঞ্জামাদিসহ তা বিতরণ/সরবরাহ করতে হবে;

০৫. ঠিকাদার কর্তৃক পোশাক ও সরঞ্জামাদি প্রস্তুত কাজ শেষ হলে মালামাল গ্রহণ ও যাচাইকরণ সংক্রান্ত কমিটি যাচাই করার লক্ষ্যে দরপত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত মালামালগুলি জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লায় জমা প্রদান করতে হবে এবং কমিটি যাচাই এর পর গ্রামপুলিশদের পোশাক ও সরঞ্জামাদি সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সরবরাহ করতে হবে। সঠিক মাপের ও গুণগত মান সম্পন্ন পোশাক, জুতা ও অন্যান্য সামগ্রী সরবরাহ করা না হলে সরবরাহকারী প্রতিষ্ঠান নিজ খরচে তা ফেরত নিয়ে নতুন করে প্রস্তুত করে পুনরায় তা সরবরাহ করতে বাধ্য থাকবেন এবং এ বিষয়ে দরপত্র আহবানকারী কর্তৃপক্ষ বিধি মোতাবেক যে কোন ধরণের আইনগত ব্যবস্থা গ্রহণ করতে পারবেন;

০৬. দরপত্রে প্রতিটি আইটেমের দর স্পষ্ট অক্ষরে উল্লেখ করতে হবে এবং সর্বমোট উদ্ধৃত দর স্পষ্টাক্ষরে অংকে ও কথায় লিখতে হবে;

০৭. ত্রুটিপূর্ণ দরপত্র গ্রহণ করা হবে না এবং দরপত্রে কোন প্রকার কাটাকাটি বা ঘষামাজা করা যাবে না;

০৮. কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত দরপত্র দরদাতা অবহিত হওয়ার পর পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ অনুযায়ী নির্ধারিত দিনের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পের উপর শর্ত মোতাবেক পোশাক ও সরঞ্জামাদি সরবরাহ করা হবে মর্মে হলফনামা সম্পাদন করতে হবে;

০৯. দরপত্রের সকল কার্যক্রম ও শর্তাবলী পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর সর্বশেষ সংশোধনী মোতাবেক পরিচালিত হবে;

১০. কোন প্রকার জাল/ভুয়া কাগজপত্র/সনদ গ্রহণযোগ্য হবে না। এ ধরণের কোন প্রমাণ পাওয়া গেলে দরপত্র বাতিলসহ বিধিমোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১১. কর্তৃপক্ষ প্রয়োজনবোধে পোশাক ও অন্যান্য সরঞ্জামাদির আইটেম সংযোজন/বিয়োজন এবং মালামাল পরিমাণ/সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন, তাতে দরদাতার কোন আপত্তি গ্রাহ্য হবে না;

১২. দরদাতাকে প্রতিষ্ঠানের মালিকানা সংক্রান্ত হলফনামা দাখিল করতে হবে;

১৩. বিল হতে বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন করা হবে;

১৪. নির্ধারিত সময়ের মধ্যে পোশাক ও সরঞ্জামাদি সরবরাহ করতে হবে। বিলম্বে কোন পোশাক ও সরঞ্জামাদি গ্রহণ করা হবে না। ৩০ জুন ২০২৫ এর পর কোন বিল প্রদান করা হবে না;

১৫. NOA প্রাপ্ত দরদাতাকে পারফরমেন্স সিকিউরিটি হিসেবে উদ্ধৃত দরের ১০% হারে মোট টাকা যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক কর্তৃক ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুযায়ী নির্ধারিত দিনের মধ্যে জেলা প্রশাসক, কুমিল্লা এর অনুকূলে জমা প্রদান করতে হবে;

১৬. কাজের পারফরমেন্স সিকিউরিটি (জামানত) উদ্ধৃত দরের ১০% চুক্তি সম্পাদনের তারিখ হতে ০৬ (ছয়) মাস পর্যন্ত সংরক্ষণ করা হবে; সরবরাহকৃত মালামালে কোন প্রকার ত্রুটি পরিলক্ষিত হলে পারফরমেন্স সিকিউরিটি (জামানত) বাজেয়াপ্ত/সমন্বয়পূর্বক কার্যক্রম নিষ্পন্ন করা হবে;

১৭. দরপত্র আহবানকারী প্রতিষ্ঠান দরপত্রের যে কোন শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন করতে পারবে এবং কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে সর্বনিম্ন বা যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

১৮.উল্লিখিত শর্তাবলীর কোন ব্যত্যয় ঘটলে সরবরাহ সংক্রান্ত NOA/কার্যাদেশ বাতিলসহ জামানত বাজেয়াপ্ত করা হবে এবং

১৯. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৬/০১/২০২৫

মো: আমিরুল কায়ছার
জেলা প্রশাসক, কুমিল্লা
ও
আহবায়ক
গ্রামপুলিশদের (দফাদার ও মহল্লাদার) পোষাক
ও অন্যান্য সরঞ্জামাদি সম্পর্কিত জেলা পর্যায়ের
টেন্ডার কমিটি